



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং: ১৩১২

তারিখ: ০২/১১/২০২২

বিষয়: ট্রেজারি/থানায় সংরক্ষিত লিখিত উত্তরপত্র বোর্ডে জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২২ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার লিখিত উত্তরপত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিদিন পরীক্ষা শেষে ঐ দিনই ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে তিনি নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপদ হেফাজতে প্রেরণের ব্যবস্থা করবেন। যদি হাতে হাতে প্রেরণ করা সম্ভব না হয় তবে সময় উল্লেখ করে রেলওয়ে পার্শ্বলে ঐ দিনই প্রেরণের ব্যবস্থা করতে হবে। যদি হাতে হাতে অথবা রেলওয়ে পার্শ্বলে পরীক্ষার দিন প্রেরণ সম্ভব না হয় তাহলে প্রতিদিন পরীক্ষার শেষে সময় উল্লেখপূর্বক লিখিত উত্তরপত্র ভর্তি বস্তা/প্যাকেট/বাক্স সিলগালা করে থানা হেফাজতে মালখানায় রাখতে হবে এবং নিম্নে উল্লিখিত তারিখসমূহে থানার মালখানা থেকে (সময় উল্লেখপূর্বক) বের করে সিলগালা না ভেঙ্গে থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় নিরাপদ হেফাজতে তিনি নিজে অথবা কোন দায়িত্বপ্রাপ্ত শিক্ষক (পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই লিখিত উত্তরপত্র ডাকযোগে বা অন্য কোন ব্যবস্থায় প্রেরণ করা যাবে না।

লিখিত উত্তরপত্র প্রেরণের তারিখ:

ক্রমিক নং	বিষয় ও পত্র	জমা দেয়ার তারিখ
১.	০৬/১১/২০২২ হতে ১৭/১১/২০২২ পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষাসমূহের লিখিত উত্তরপত্র	১৮/১১/২০২২ শুক্রবার
২.	২০/১১/২০২২ হতে ২৪/১১/২০২২ পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষাসমূহের লিখিত উত্তরপত্র	২৫/১১/২০২২ শুক্রবার
৩.	২৭/১১/২০২২ হতে ০১/১২/২০২২ পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষাসমূহের লিখিত উত্তরপত্র	০২/১২/২০২২ শুক্রবার
৪.	০৪/১২/২০২২ হতে ১৩/১২/২০২২ পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষাসমূহের লিখিত উত্তরপত্র	১৫/১২/২০২২ বৃহস্পতিবার

বিষয়টি অতীব জরুরী।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

০২-৫৮৬৮০১৮১

প্রাপক :

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার আওতাধীন ২০২২ সালের এইচএসসি পরীক্ষা সকল কেন্দ্র।